

# প্রথম আলো

## বৃত্তি

### যুক্তরাষ্ট্র এক্সচেঞ্জ প্রোগ্রাম, সুযোগ আন্ডারগ্র্যাজুয়েট শিক্ষার্থীদের

প্রথম আলো ডেস্ক

প্রকাশ: ১৭ নভেম্বর ২০২৪, ০৮: ০১



ছবি: মার্কিন দূতাবাসের সৌজন্য

গ্লোবাল ইউণিভার্সিটি প্রোগ্রামের আওতায় যুক্তরাষ্ট্রে স্নাতক পর্যায়ে ২০২৫-২৬ শিক্ষাবর্ষে পড়াশোনার সুযোগ মিলবে বাংলাদেশি আন্ডারগ্র্যাজুয়েট শিক্ষার্থীদের। ঢাকার মার্কিন দূতাবাস জানিয়েছে, অনলাইন আবেদন করতে হবে আগ্রহীদের।

যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরের পৃষ্ঠপোষকতায় দেশটির শিক্ষাপ্রতিষ্ঠানে আন্ডারগ্র্যাজুয়েট এক্সচেঞ্জ প্রোগ্রামে পড়ার সুযোগ পাবেন আগ্রহী শিক্ষার্থীরা। এটি একটি ফুল ফ্রি বৃত্তি। এই প্রোগ্রামের মেয়াদ এক সেমিস্টার।

গ্লোবাল ইউণিভার্সিটি প্রোগ্রামের লক্ষ্য বিভিন্ন দেশের শিক্ষার্থীদের যুক্তরাষ্ট্রের শিক্ষাব্যবস্থার সঙ্গে পরিচয় ঘটানো, মার্কিন মূল্যবোধ ও সংস্কৃতি বিনিময় এবং কমিউনিটিভিত্তিক কাজের অভিজ্ঞতা দেওয়া। ২০২৪ সাল পর্যন্ত গ্লোবাল ইউণিভার্সিটি প্রোগ্রামে বাংলাদেশের শতাধিক শিক্ষার্থী অংশ নিয়েছেন।

ছবি: ফাইল ছবি

---

## বৃত্তির সুবিধা

- শিক্ষার্থীরা আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে যুক্তরাষ্ট্রের কোনো বিশ্ববিদ্যালয় বা কলেজে এক সেমিস্টারের জন্য পূর্ণ সময় পড়াশোনা করবেন;
- যুক্তরাষ্ট্রের স্থানীয় কমিউনিটিতে সেবামূলক কাজে অংশ নিয়ে নেতৃত্বের দক্ষতা বাঢ়াতে পারবেন;
- যুক্তরাষ্ট্রভিত্তিক প্রতিষ্ঠানে ইন্টার্নশিপ করার সুযোগ পাবেন, যা তাদের প্রফেশনাল দক্ষতা বাড়িয়ে তুলবে;
- এ কর্মসূচির আওতায় শিক্ষার্থীরা মার্কিন সমাজ ও সংস্কৃতি নিয়ে জ্ঞান লাভ করবেন। পরে তারা বাংলাদেশে ইয়ুথ অ্যান্ডাসেডর হিসেবে কাজ করতে পারবেন।

## যেভাবে আবেদন করতে হবে

গ্লোবাল ইউণিভার্সিটি প্রোগ্রামের জন্য এই ওয়েবসাইটে অনলাইন আবেদন ফরম পাওয়া যাবে। ওই আবেদন ফরম অনলাইনে পূরণ করে প্রয়োজনীয় নথিসহ আবেদন করতে হবে। ওই ওয়েবসাইটে গ্লোবাল ইউণিভার্সিটি বৃত্তি সম্পর্কে

বিস্তারিত জানা যাবে। এ ছাড়া বৃত্তিসংক্রান্ত কোনো তথ্যের প্রয়োজনে ঢাকার মার্কিন দূতাবাসের ফ্লোবাল ইউগ্রেড প্রোগ্রামের ই-মেইলে (DhakaUSEXchanges@State.gov) ই-মেইল করা যাবে।

## আবেদনের যোগ্যতা

- আবেদনকারীর বয়স ১৮ থেকে ২৫-এর মধ্যে হতে হবে;
- নিজ দেশে উচ্চমাধ্যমিক শিক্ষা সমাপ্ত করতে হবে;
- নিজ দেশে স্নাতক পর্যায়ে অন্তত এক সেমিস্টার শেষ হবে;
- ইংরেজিতে দক্ষ হতে হবে;
- যুক্তরাষ্ট্রের জে-১ ভিসার নীতিমালা মেনে চলতে হবে;
- প্রোগ্রাম শেষে বাংলাদেশে ফিরে আসার জন্য অঙ্গীকারবদ্ধ হতে হবে।

আবেদনের শেষ দিন: ১৫ ডিসেম্বর ২০২৪, রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত (বাংলাদেশ সময়)।

